123

দৈনিক সংবাদ

তারিখ ... MAY. 3. 1999 ..
পৃষ্ঠা ৪২ কলাম ৬

# কাগমারী কলেজের অধ্যক্ষকে কুপিয়ে আহত করেছে সন্ত্রাসীরা

মির্জাপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ ছাত্র নামধারী কয়েকজন সন্ত্রাসী শনিবার কাগমারী সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোজাফফর হোসেনকে কুপিয়ে গুরুতর আহত করেছে।

টাঙ্গাইলে পুলিশের সূত্র জানায় যে, ওইদিন রাতে অধ্যক্ষ যখন তার বাসভবনে অবস্থান করছিলেন তখন চাপাতি-চাইনিজ কুড়ালসহ ধারালো অস্ত্রশস্ত্র নিয়ে কয়েকজন সন্ত্রাসী তাকে ডেকে বাইরে এনে কুপিয়ে গুরুতর আহত করে। তাকে প্রথমে টাঙ্গাইল জেনারেল হাসপাতালে এবং পরে রোববার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। কিছু অছাত্রকে ভোটার তালিকাভুক্ত না করায় অধ্যক্ষের উপর এ হামলা হয়েছে বলে পুলিশ ধারণা করছে।